

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

### ৯.৪.১২. দুষ্টদের রক্তে পা ধোয়াই ধার্মিকদের কর্ম ও পুরস্কার

পাপীদের রক্তে পা ডুবিয়ে রাখলেই হবে না; তাদের রক্ত দিয়ে পা ধুয়ে নিতে হবে: “তাদের উপর প্রতিশোধ নেওয়া হলে ধার্মিকগণ (The righteous আল্লাহভক্তেরা!) খুশী হবে; তারা দুষ্টদের রক্তে পা ধোবে (wash his feet in the blood of the wicked)। তা দেখে লোকে বলবে, ধার্মিকের (আল্লাহভক্তের!) জীবনে সত্যিই পুরস্কার আছে...!” (গীতসংহিতা/জবুর ৫৮/১০-১১)

তাহলে দুষ্ট মানুষকে হত্যা করলেই চলবে না; তার রক্ত দিয়ে পা ধুতে হবে। দুষ্ট লোকদের রক্ত দিয়ে পা ধুতে পারাই ধর্মপালনের মূল পুরস্কার। এ পুরস্কারের লোভেই ধর্মপালন করতে হবে। এটা লাভ করলেই ধার্মিকের পুরস্কার প্রমাণ হয়।

অনেক ভাল খ্রিষ্টান এ সকল বক্তব্যের ‘ভাল’ ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করেন। কিন্তু অন্য অনেক বিশ্বাসী খ্রিষ্টান এ সকল পবিত্র বক্তব্যকে তাদের সুবিধামতই ব্যবহার করেছেন ও করেন। আর দুষ্টতা বা দুষ্টমির সংজ্ঞা যেহেতু নির্ধারিত নয়; সেহেতু যে কোনো ধার্মিক মানুষ তার বিরোধীকে, বাইবেলের কোনো আজ্ঞা অমান্যকারীকে এবং যে কোনো অ-খ্রিষ্টানকে ‘দুষ্ট’ বলে গণ্য করে তাকে হত্যা করে তার রক্ত দিয়ে পা ধুতে পারেন। এটা বাইবেলের অভ্রান্ত, অলঙ্ঘনীয় ও অপরিবর্তনীয় পবিত্র নির্দেশ।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14557>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন